



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা।

website : www.bmeb.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

নং বামাশিবো/রিক/লাখাই-হবিগঞ্জ-২৯/

তারিখ: /০৫/২০১৭

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৬/০৪/২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৮৫.৮৬.০১৬.১৫-৩২৬ সংখ্যক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদরাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেয়ার পরিপ্রেক্ষিতে হবিগঞ্জ জেলার লাখাই উপজেলাধীন করাব ডাকঘরের অন্তর্গত করাব রহমানিয়া দাখিল মাদরাসায় আলিম স্তরে (সাধারণ বিভাগ) প্রাথমিক পাঠদান অনুমতি ০১/০৭/২০১৬ তারিখ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য দেয়া হলো। মাদরাসার কোড: 18885, EIIN: 129460.

পালনীয় শর্তাবলী:

১. NTRCA কর্তৃক ০৪ জন প্রভাষক নিয়োগের শর্তে।
২. মহিলা কোটা পূরণের শর্তে।
৩. বিধি মোতাবেক সকল পদে নিবন্ধনকৃত/ ইনডেক্সধারী শিক্ষক নিয়োগ করতে হবে।
৪. অনুমতি প্রাপ্তির পর অনুমতি সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে তাৎক্ষণিক মাদরাসার অনুমতি প্রত্যাহার করা হবে।
৫. প্রত্যেক শ্রেণিতে বিশেষ করে উপরের শ্রেণিসমূহে ছাত্র/ছাত্রী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৬. আলিম চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৭. ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৮. জনবল কাঠামোর নীতিমালা অনুযায়ী শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী নিয়োগ করতে হবে।
৯. মাদরাসার প্রধান গৃহকে পাকা করতে হবে।
১০. মাদরাসার ক্যাম্পাসে ২৫০/৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
১১. পাঠাগারে অন্ত্যন ২০০০ খানা বই থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মো: আবুল বাসার)

মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক

করাব রহমানিয়া আলিম মাদরাসা

ডাকঘর- করাব, উপজেলা- লাখাই, জেলা- হবিগঞ্জ।

নং বামাশিবো/রিক/লাখাই-হবিগঞ্জ-২৯/ ১২/১০

তারিখ: ২৬ /০৫/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল
৮. উপজেলা নির্বাহী অফিসার, লাখাই, হবিগঞ্জ।
৯. জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ।
১০. অফিস কপি।

(মো: হোসেন)

উপ-পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা